

## **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৬৭

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - গরীবদের ফযীলত ও নবী (সা.) -এর জীবন-যাপন

ٱلْفصلْ الثَّالِثُ \_ (بَابُ فَضل الْفُقَرَاءِ وَمَا كَانَ مِنْ عَيْشِ النَّبِيّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ)

আরবী

وَعَن ابنِ عمر قَالَ: مَا شبِعنا من تمر حَتَّى فتحننا خَيْبَرَ. رَوَاهُ الْبُخَارِيُّ

رواه البخارى (4243) ـ

(صَحِيح)

বাংলা

৫২৬৭-[৩৭] ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, খায়বার জয় করা পর্যন্ত আমরা খেজুর দ্বারাও পরিতৃপ্ত হইনি। (বুখারী)

## ফুটনোট

সহীহ বুখারী ৪২৪৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যা : আবদুল্লাহ ইবনু উমার (রাঃ)-এর কথা আমরা খেজুর দ্বারা পরিতৃপ্ত হইনি' এ 'আমরা' দ্বারা 'উমার (রাঃ)-এর পরিবারের সদস্যদের বুঝানো হয়েছে।

মুল্লা 'আলী আল কারী (রহিমাহুল্লাহ) বলেন, এর অর্থ হলো :نَحْنُ مَعْشَرَالصَّحَابَةِ مَعَهُ صلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ:
(اَحْنُ مَعْشَرَالصَّحَابَةِ مَعَهُ صلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ:
سَلَّمَ) আমরা সমস্ত সাহাবী এবং আমাদের সাথে স্বয়ং রাসূলুল্লাহ (সা.) - নিজেও। রাসূলুল্লাহ (সা.) ও তার পরিবার পরিজনও এর অন্তর্ভুক্ত, এটাই বাস্তব। (মিরকাতুল মাফাতীহ; আল কাশিফ ১০ম খণ্ড, ৩৩২১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন